



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাড়ী নং ৪০/এ, রোড নং ২০
মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬
www.frcbd.org



নং- ১৪৬/এফআরসি/এসএস/২০১৯/১৮১

তারিখ : ১১/০৪/২০১৯ খ্রি.

ব্যবসা প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

- এতদ্বারা তালিকাভুক্ত (Listed Company) এবং জনস্বার্থ প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদ, নিরীক্ষা কমিটি এবং অন্যান্য দায়িত্বশীলদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এফআরসি কর্তৃক বেশ কিছু কোম্পানীর বার্ষিক আর্থিক প্রতিবেদন পুনরীক্ষণে নিম্নলিখিত অনিয়মসমূহ পরিলক্ষিত হয়েছে,
 - প্রলম্বিত আয়কর (Deferred Tax) উপেক্ষা করা।
 - সম্পর্কযুক্ত পক্ষের সঙ্গে লেনদেনের (Related Party Transaction) উল্লেখ না করা।
 - পূর্ববর্তী বছরের আনুমানিক (Estimated) খরচ বা আয়ের হ্রাস/ বৃদ্ধি চলতি বছরের আয় বা ব্যয়ে না নিয়ে তা মূলধনে (Equity) সমন্বয় করা।
 - মেয়াদোত্তীর্ণ, অচল মজুত স্টক এর অবলোপন (Write off) এবং সম্পত্তির উপযোগিতা হ্রাস (Impairment) বিবেচনায় বা হিসাবে না নেয়া।
 - অন্যান্য সম্ভাব্য খরচ (Expense and Loss Provision) সংশ্লিষ্ট হিসাব বা আর্থিক প্রতিবেদনে লিপিবদ্ধ না করা।
- উল্লিখিত কারণে আর্থিক প্রতিবেদনসমূহ সংশ্লিষ্ট কোম্পানীসমূহের সত্য ও ন্যায়াভিত্তিক আর্থিক ফলাফল প্রকাশ করছে না। এছাড়াও বৈদেশিক মুদ্রা লেনদেনের বিনিময় হার ওঠানামার ক্ষেত্রে লাভ বা ক্ষতির পরিমাণ কোম্পানী আইন ১৯৯৪ অনুযায়ী লিপিবদ্ধ করা হচ্ছে না এবং এ বিষয়ে কোন ব্যাখ্যা-বিপ্লেষণও দেয়া হচ্ছে না। বিষয়গুলি আইএফআরএস (International Financial Reporting Standards) তথা বাংলাদেশে প্রযোজ্য আর্থিক প্রতিবেদন মানদণ্ডের সুস্পষ্ট লঙ্ঘন। যদিও ঢালাওভাবে আর্থিক প্রতিবেদনসমূহ আইএফআরএস অনুযায়ী তৈরী করা হয়েছে বলে প্রত্যয়ন করা হচ্ছে।
- ইতোমধ্যে ২০১৮ সালের বার্ষিক প্রতিবেদনে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু নিরীক্ষকগণ নিরীক্ষা প্রতিবেদনে গুরুত্বপূর্ণ নিরীক্ষা বিষয়বস্তু অনুচ্ছেদ (Key Audit Matters Paragraph) এবং অন্যান্য তথ্য অনুচ্ছেদ (Other Information Paragraph) উল্লেখ না করেই নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন করেছেন, যা বাংলাদেশে প্রযোজ্য আইএসএ (International Standards on Auditing) এর লঙ্ঘন।
- সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃপক্ষ ও নিরীক্ষকগণকে উপরে উল্লিখিত বিষয়ে সঠিক ও সত্যনিষ্ঠ আর্থিক প্রতিবেদন ও নিরীক্ষা প্রতিবেদন প্রণয়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায়, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং এ্যাক্ট (এফআরএ) ২০১৫ অনুযায়ী উল্লিখিত ক্ষেত্রসমূহে এফআরসি কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- উল্লেখ্য যে, সার্বিক বিষয়ে (যেমন মানদণ্ড/Standard) কোন ব্যাখ্যা, বিপ্লেষণ বা এর প্রয়োগের ক্ষেত্রে কোন পরামর্শ বা সহযোগিতার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়গুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ

মুহাম্মদ আনওয়ারুল করিম, এফ.সি.এ
নির্বাহী পরিচালক
মানদণ্ড নির্ধারণী বিভাগ
ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল
টেলিফোন : ৯৮৩৩৭৫৪
ই-মেইল : ed.ss@frcbd.org